অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস ইকুইফ্যাক্সের (EQUIFAX) সাথে 19.2 মিলিয়ন মার্কিন ডলারের 2017 সালের ডেটা ব্রিচ সংক্রান্ত নিষ্পত্তির কথা ঘোষণা করেছেন

আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services, DFS) এবং নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিস (New York Attorney General's Office) কুইফ্যাক্স এবং দুটি সাবসিডিয়ারিকে জরিমানা করেছে

DFS ইনভেস্টিগেশন অনুসন্ধান করে দেখেছে যে ক্রেডিট রেটিং এজেন্সির তথ্য নিরাপত্তা সংক্রান্ত অনুশীলন অপর্যাপ্ত, গ্রাহকের ডেটা সুরক্ষার নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে এবং ব্রিচের পরে অপর্যাপ্ত গ্রাহক পরিষেবা প্রদান করেছে

ইকুইফ্যাক্সকে ক্ষতিপূরণ হিসেবে 425 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে হবে, নিউ ইয়র্ক গ্রাহকদের ক্রেডিট মনিটরিং পরিষেবা প্রদান করতে হবে, পাঁচ বছরের জন্য বিনামূল্যে বার্ষিক ক্রেডিট রিপোর্ট প্রদান করতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক ইকুইফ্যাক্স ইনকর্পোরেটেডকে 2017 সালের তথ্য লঙ্ঘনের জন্য দায়বদ্ধ করছে, যা 8.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসী সহ লক্ষ্য লক্ষ্য আমেরিকানদের সংবেদনশীল আর্থিক ও ব্যক্তিগত তথ্য প্রকাশ করেছে। এই নিষ্পত্তিটি আর্থিক পরিষেবা বিভাগ এবং নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল অফিসের ক্রেডিট রেটিং এজেন্সি এবং তার দুটি সহায়ক সংস্থা, ইকুইফ্যাক্স ইনফরমেশন সার্ভিসেস এলএলসি (Equifax Information Services LLC) এবং ইকুইফ্যাক্স কনজিউমার সার্ভিসেস এলএলসির (Equifax Consumer Services LLC) উপর পৃথক তদন্তের ভিত্তিতে করা। নিষ্পত্তির অধীনে কোম্পানিটি 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে DFSকে, 9.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিসকে, যা বহু-রাজ্য অ্যাটর্নি জেনারেলদের প্রদেয় 175 মিলিয়ন মার্কিন ডলারের অংশ এবং ইকুইফ্যাক্স 425 মিলিয়ন মার্কিন ডলার অবধি ক্ষতিপূরণ তহবিল বাবদ প্রদান করার প্রতিশ্রুতি করেছে। গ্রাহকদের।

"ক্রেডিট রেটিং সংস্থাগুলি গ্রাহকদের আর্থিক ও ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখার দায়বদ্ধতা রয়েছে এবং এই শোচনীয় তথ্য লঙ্ঘন এবং সংস্থাটির প্রতিক্রিয়া পুরোপুরি অগ্রহণযোগ্য ছিল", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে আমরা এই সংস্থাগুলিকে একটি স্পষ্ট বার্তা পাঠাচ্ছি যে ভোক্তাদের

ব্যক্তিগত তথ্য উন্মোচনের ঝুঁকির মুখে রাখলে তাদের দায়বদ্ধ করা হবে এবং ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত থাকা নিশ্চিত করতে আমরা এই এজেন্সিগুলির উপর কঠোর নজর রাখব।"

অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেছেন। "ইকুইফ্যাক্স গোপনীয়তার চেয়ে লাভ এবং মানুষের চেয়ে লোভকে বেশি প্রাধান্য দিয়েছে, এবং তাদের অবশ্যই দায়বদ্ধ করতে হবে লক্ষ্য লক্ষ্য মানুষকে ঝুঙ্কির মুখে ফেলার জন্য। এই সংস্থার অনুপযুক্ততা, অবহেলা, এবং ঢিলে নিরাপত্তা মান মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যার অর্ধেকের পরিচয়কে বিপন্ন করেছে। এখন সংস্থাটির উচিৎ সঠিক কাজ করা এবং তাদের তথ্য লঙ্ঘনের লক্ষ লক্ষ ক্ষতিগ্রস্তদের জন্য কেবল ক্ষতিপূরণ প্রদান করাই নয়, ভবিষ্যতে পরিচয় চুরির বিরুদ্ধে লড়াই করার জন্য প্রয়োজনীয় সরঞ্জামগুলিও প্রতিটি আমেরিকানকে প্রদান করতে হবে যাদের অত্যন্ত সংবেদনশীল তথ্য অ্যাক্সেস করা হয়েছিল।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর সুপারইন্টেন্ডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "প্রথমত এবং সর্বাগ্রে, আজ ঘোষিত নিষ্পত্তি ইকুইফ্যাক্সকে তাদের গ্রাহকদের প্রতি তাদের দায়িত্বে শোচনীয় লঙ্গনের জন্য ও তাদের সংবেদনশীল ব্যক্তিগত পরিচয় উন্মোচনকারী তথ্য সুরক্ষিত না রাখতে পারার জন্য দায়বদ্ধ করা হয়েছে এবং নিউ ইয়র্কবাসীদের কিছুটা মনের শান্তি এবং সুরক্ষা পুনরুদ্ধার করেছে। নিউ ইয়র্কবাসীদের জন্য গ্রাহক সুরক্ষা শক্তিশালীকরণের জন্য, DFS এখন ক্রেডিট রেটিং এজেন্সিকে লাইসেন্স দেওয়া এবং DFS এর তত্ত্বাবধানে থাকা বাধ্যতামূলক করে এবং সম্ভাব্য লঙ্ঘনের বিরুদ্ধে আরও ভালভাবে নজরদারি করার জন্য বিভাগের ল্যান্ডমার্ক সাইবার সুরক্ষা পদ্ধতি মেনে চলা বাধ্যতামূলক করে।"

জরিমানা ছাড়াও, ইকুইফ্যাক্স নিউ ইয়র্ক গ্রাহকদের ক্রেডিট মনিটরিং পরিষেবা এবং বিনামূল্যে বার্ষিক ক্রেডিট রিপোর্ট প্রদান করবে, এবং লঙ্ঘনের দ্বারা ক্ষতিগ্রস্ত গ্রাহকদের কাছে ক্ষতিপুরণ প্রদান করবে। ডেটা লঙ্ঘনের দ্বারা প্রভাবিত নিউ ইয়র্ক গ্রাহকরা তিনটি প্রধান ক্রেডিট-মনিটরিং পরিষেবাগুলি - ইকুইফ্যাক্স, এক্সপিয়ান (Experian) এবং ট্রান্সইউনিয়ন (Transunion) দ্বারা কমপক্ষে চার বছরের ক্রেডিট পর্যবেক্ষণে তালিকাভুক্ত হতে পারেন এবং পাঁচ বছরের জন্য প্রতি 12 মাসে ইকুইফ্যাক্স থেকে দুটি বিনামূল্যে ক্রেডিট রিপোর্ট পাবেন। গ্রাহকরা ডাটা লঙ্ঘনের ফলে কোর্ট-নিযুক্ত অ্যাডমিনিস্ট্রেটরের কাছে নির্দিষ্ট কিছু ক্ষতির জন্য পরিশোধের দাবি জমা দিতে সক্ষম হবেন। গ্রাহকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য প্রোগ্রামটি নিষ্পত্তি সম্পর্কিত ইকুইফ্যাক্সের বিরুদ্ধে দায়ের করা বহু-জেলা ভিত্তিক ক্লাস অ্যাকশন মামলা অনুযায়ী ইতিমধ্যেই যে নিষ্পত্তিগুলি হয়েছে, তার সাথে, এবং তার সাথে ফেডারাল ট্রেড কমিশন (Federal Trade Commission, FTC) এবং কঞ্জিউমার ফাইনান্স প্রোটেকশন যুরো (Consumer Financial Protection Bureau, CFPB)-র সাথে যে নিষ্পত্তিগুলিতে ইতিমধ্যেই পৌঁছনো হয়েছে। ইকুইফ্যাক্স CFPB-কে অতিরিক্ত 50 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

DFS লঙ্ঘণের আগে ও সেই সময় এবং তার সাথে সংস্থাটির নিরাপত্তা সংক্রান্ত অভ্যাসগুলি এবং তার সাথে তাদের যোগাযোগ ও গ্রাহকদের সরবরাহকৃত পরিষেবাগুলি তদন্ত করেন লঙ্ঘনের ঘোষণার পরে অবিলম্বে, এবং খুঁজে পায় যে সংস্থাগুলি ডড-ফ্রাঙ্ক অ্যাক্ট (Dodd-Frank Act) এবং আর্থিক সেবা আইন (Financial Services Law) § 408 লঙ্ঘন করে এমন অনুশীলনগুলিতে জড়িত।

DFS তদন্তে দেখা গেছে যে 2017 সালের তথ্য লঙ্ঘণ নিউ ইয়র্কের গ্রাহকদের সংবেদনশীল তথ্য, যার মধ্যে রয়েছে তাদের পূর্ণ নাম, সোশাল সিকিউরিটি নম্বর, জন্মের তারিখ, ঠিকানা এবং কিছু গ্রাহকদের ক্ষেত্রে, ক্রেডিট কার্ড নম্বর, ড্রাইভারের লাইসেন্স নম্বর এবং বিতর্কের নথি সহ সংবেদনশীল ব্যক্তিগত তথ্য প্রকাশ করেছে, এবং এইভাবে গ্রাহক এবং ব্যবসাগুলির জন্য ক্ষতির কারণ, আর্থিক ক্ষতি সহ।

DFS এছাড়াও পেয়েছে যে 7ই সেপ্টেম্বর 2017 তারিখে ডেটা লঙ্ঘনের ঘোষণার পরে, ইকুইফ্যাক্স ইনকর্পোরেটেড এবং এর দুটি সাবসিডিয়ারি ক্ষতিগ্রস্থ গ্রাহকদের পর্যাপ্ত সহায়তা প্রদান করতে ব্যর্থ হয়েছে, যার মধ্যে গ্রাহকদের এমন একটি ওয়েবসাইটের যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে যা ইকুইফ্যাক্সের মালিকানাধীন নয়; গ্রাহকদের সতর্ক করে দিতে ব্যর্থতা যে তাদের তথ্য কেবলমাত্র আক্রমণকারীরা শুধু অ্যাক্সেস করেনি, তা চুরি করা হয়েছে; এবং গ্রাহকদের এমন একটি ওয়েবসাইট প্রদান করেছে যা তাদের নিশ্চিতভাবে বলতে পারছে না যে তারা এক দ্বারা প্রভাবিত হয়েছেন কিনা।

সংস্থার নিরাপত্তা প্র্যাকটিসগুলির সম্পর্কে DFS এর ফলাফলগুলির মধ্যে রয়েছে

- সংস্থাগুলির অপর্যাপ্ত তথ্য নিরাপত্তা অনুশীলন কার্যকর ছিল এবং ক্রেতাদের তাদের ক্রেডিট ফাইলে তথ্যের সম্পূর্ণতা বা নির্ভুলতা নিয়ে বিতর্ক করার জন্য তাদের অনলাইন গ্রাহকদের জন্য বিতর্কের পোর্টালকে প্রভাবিত করে এমন একটি গুরুতর দুর্বলতা সনাক্ত করতে ব্যর্থ হয়েছিল।
- অ্যাপাচি স্ট্রাটস, একটি ওপেন-সোর্স ওয়েব অ্যাপ্লিকেশন ফ্রেমওয়ার্ক সম্পর্কিত সেই দুর্বলতা, যা বিতর্কের আবেদন সম্পর্কিত কাজে যা সংস্থাগুলি ব্যবহার করত।
- সংস্থার দুর্বলতা মূল্যায়ন দলটি সচেতন ছিল যে দুর্বল স্ট্রাটসের সংস্করণটি কোথায় ব্যবহৃত হয়েছিল তার সম্পূর্ণ দৃশ্যমানতা তাদের ছিল না।

প্রাসঙ্গিক সময়ে, ইকুইফ্যাক্স ইনফরমেশন সিকিউরিটি প্রোগ্রামের অভ্যন্তরীণ ও বহিরাগত পর্যালোচনা পরিচালিত করেছিল যা উন্নতি করা যায় এমন বিষয়গুলি চিহ্নিত করেছিল এবং তাদের নিজস্ব নীতিগুলির দ্বারা নির্ধারিত কিছু নিরাপত্তা ব্যবস্থা সময়মত বাস্তবায়ন করতে ব্যর্থ হয়েছিল। উপরন্তু, সংস্থাগুলির অভ্যন্তরীণ নথিগুলি প্রমাণ করে যে তারা সচেতন ছিল যে তারা উন্নয়ন ও পরীক্ষার পরিবেশে ব্যক্তিগত সনাক্তকরণ তথ্য সংরক্ষণ করছেন, যার ফলে পরিচয় চুরির ঝুঁকি, তথ্যের অপব্যবহার এবং জালিয়াতির সম্ভাবনাবেড়েছে। সংস্থাগুলি গ্রাহকদের নির্দিষ্ট ব্যক্তিগত সনাক্তকরণ তথ্য এনক্রিপ্ট করতে ব্যর্থ হয়েছে এবং তাদের নিজস্ব নীতি লঙ্ঘন করে নির্দিষ্ট ইনকামিং এবং আউটগোয়িং ট্র্যাফিককে ডিক্রিপ্ট করতে ব্যর্থ হয়েছে।

সম্পূর্ণ সম্মতির আদেশের একটি কপি পাওয়া যাবে এখানে।

মামলাটি DFS এর সহকারী কাউন্সেল সেরওয়াত ফারুক ও সহকারী কাউন্সেল লরা সারলি লড়েছেন সিভিল ইনভেস্টিগেশনস ইউনিট ডেপুটি সুপারিনটেনডেন্ট ক্রিস্টোফার বি. মুলভিহিল এবং,

কনজিউমার সুরক্ষা ও আর্থিক বলবতকরণ বিভাগের নির্বাহী সুপারিন্টেন্ডেন্ট ক্যাথরিন এ. লেমিয়ার, এবং তার সাথে ব্যাংকিং বিভাগের এক্সিকিউটিভ ডেপুটি সুপারিনটেনডেন্ট শিরীন ইমামি এবং লাইসেন্সড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডেপুটি সুপারিনটেনডেন্ট ওয়েন্ডি হেনরির তত্ত্বাবধানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন